তথ্য প্রযুক্তির মাধ্যমে নিউরো ডেভোলপমেন্টাল ডিজঅর্ডারসহ সব ধরণের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন প্রকল্প
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোনঃ ৮৮০-২-৫৫০০৬৮৮৫ফ্যাক্স: ৮৮০-২-৫৫০০৬৮৮৭, ই-মেইল: pdepwdict@bcc.gov.bd Web: www.bcc.gov.bd

# প্রতিবন্ধী ব্যক্তিদের ‘চাকুরী মেলা ২০২০’ এর প্রতিবেদন

বর্তমান সরকার ২০০৯ সাল থেকে রূপকল্প ২০২১:ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে নিরলসভাবে কাজ করে চলেছে। এর ফলস্বরূপ এখন দেখা যায় যে, দেশের আর্থ-সামাজিক খাতসমূহে ব্যাপকভাবে কম্পিউটার ও ডিজিটাল প্রযুক্তির ব্যবহার হচ্ছে। আরও লক্ষণীয় যে, সরকারের ইতিবাচক নীতিমালা ও পদক্ষেপের কারণে প্রতিবন্ধী ব্যক্তিসহ সমাজের অপেক্ষাকৃত অনগ্রসর জনগোষ্ঠীর হাতেও ডিজিটাল প্রযুক্তির সুবিধা পৌঁছে গেছে।

সমগ্র বিশ্বে প্রতিবন্ধীতা সম্পর্কে নেতিবাচক দৃষ্টিভঙ্গি বিদ্যমান রয়েছে। দেশে এ অবস্থার উন্নয়ন ঘটিয়ে সরকার সমাজের প্রতিবন্ধী ব্যক্তিদের অবস্থান মূল স্রোতের সমপর্যায়ে উন্নীত করতে সচেষ্ট। আইসিটি বিভাগ এ লক্ষ্যে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করে। ২০০৯ সালে প্রণীত জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালায় প্রতিবন্ধী ব্যক্তিদের বিষয়ে বেশ কিছু করণীয় সংযোজন করা হয়। ২০১১ সন হতে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিনা ফিতে আইসিটি প্রশিক্ষণের সুবিধা চালু করা হয়। পরবর্তীকালে আইসিটিতে প্রশিক্ষিত এবং দক্ষতা সম্পন্ন প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের জন্য প্রার্থী এবং চাকুরী দাতা প্রতিষ্ঠানের সম্মিলনে ২০১৫ সন হতে চাকুরী মেলার আয়োজন করা হচ্ছে। এর পাশাপাশি প্রতিবন্ধীতা বিষয়ে সমাজে সচেতনতা সৃষ্টির জন্য সারা দেশে সেমিনার, কর্মশালা ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে।

প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আয়োজিত চাকুরী মেলা হতে ২০১৫ সনে ৩২ জন, ২০১৬ সনে ৬০ জন, ২০১৭ সনে ১১৫ জন, ২০১৮ সনে ১৭৬ জন এবং ২০১৯ সালে ৮৬ জন আইসিটিতে দক্ষ প্রতিবন্ধী ব্যক্তির কর্মসংস্থানের ব্যবস্থা হয়।

**অংশগ্রহণকারী চাকুরীদাতা প্রতিষ্ঠান:**

২০২০ সালের চাকুরী মেলা ১১ জানুয়ারী ২০২০ তারিখ এনজিও বিষয়ক ব্যুরো, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকায় অনুষ্ঠিত হয়। ঐদিন সকাল ৮:০০ ঘটিকা হতে চাকুরী প্রার্থী প্রতিবন্ধী ব্যক্তিদের রেজিস্ট্রেশনের মাধ্যমে চাকুরী মেলা কার্যক্রম শুরু হয় এবং অপরাহ্ন ৫:০০ টা পর্যন্ত এ মেলা চলে। BACCO, BASIS, BKMEA, FBCCI, CCOAB এবং আইসিটি শিল্পের কিছু চাকুরীদাতা প্রতিষ্ঠান এবং এনজিও সহ মোট ৩৭টি প্রতিষ্ঠান তথ্যপ্রযুক্তিতে প্রশিক্ষিত প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের সুযোগ করে দিতে এ মেলায় অংশগ্রহণ করে। এছাড়াও একটি স্টল ছিল সেখানে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উদ্ভাবিত সফটওয়্যার ও হার্ডওয়্যার টুলস প্রদর্শন করা হয়।

**অংশগ্রহণকারী চাকুরীপ্রার্থী:**

এবারের মেলায় প্রায় ৫০০ (পাঁচশত) অধিক চাকুরী প্রার্থী প্রতিবন্ধী ব্যক্তি অংশগ্রহণ করেন। মেলায় অংশগ্রহণকারী প্রতিবন্ধী ব্যক্তিদের কম্পিউটার দক্ষতা ও প্রশিক্ষণের উপর ভিত্তি করে ৪৫ জনকে মেলা থেকেই চাকুরি প্রদান করা হয় এবং ২৫০ জনের একটি সংক্ষিপ্ত তালিকা করা হয়। পরবর্তীতে চুড়ান্তভাবে চাকুরী মেলা পরবর্তী কাযক্রম গ্রহণের ফলে মোট ৮০ জনের চাকুরী বিভিন্ন প্রতিষ্ঠানে নিশ্চিত করা হয়।

**মেলার প্রাঙ্গণ ও মেলার অতিথি:**

আগারগাঁওস্থ এনজিও বিষয়ক ব্যুরোর ভবন প্রাঙ্গানে সকাল ১০:০০ টায় এ মেলার উদ্বোধন করেন তথ্য যোগাযোগ ও প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহ্‌মেদ পলক, এমপি এবং আইসিটি বিভাগের সিনিয়র সচিব জনাব এন এম জিয়াউল আলম, এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক জনাব কে এম আব্দুস সালাম এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক জনাব পার্থপ্রতিম দেব।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক বলেন, প্রতিবন্ধীদের ক্ষমতায়ন করতে হলে তাদের ব্যক্তিগত সম্মান, সামাজিক মর্যাদা ও আর্থিক সচ্ছলতা নিশ্চিত করতে হবে। সরকার তাদের মর্যাদা ও অধিকার নিশ্চিত করতে প্রতিবন্ধী সুরক্ষা আইন প্রণয়নসহ বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করেছে। প্রতিবন্ধীরা সমাজেরই অংশ। তারা অনেক মেধাবী। তাদের বিষয়ে আরও সচেতন হতে হবে।

প্রতিমন্ত্রী বলেন, সমাজসেবা মন্ত্রনালয়, স্বাস্থ্য মন্ত্রণালয়সহ প্রতিবন্ধীদের সাথে সংশ্লিস্ট মন্ত্রনালয় এবং দেশের ২৮টি হাইটেক পার্কে ডিজিটাল সার্ভিস অ্যান্ড ট্রেনিং সেন্টার প্রতিষ্ঠা করা হবে। এতে প্রতিবন্ধীরা প্রশিক্ষণের জন্য অগ্রাধিকার পাবেন। বিশেষভাবে সক্ষমদের জন্য আইসিটি বিভাগ থেকে এ বছর একটি আধুনিক চাকরির পোর্টাল চালু করা হবে। এর মাধ্যমে যোগ্যতা অনুযায়ী চাকরির আবেদন করা যাবে। চাকরিদাতা প্রতিষ্ঠান ভিডিও কলের মাধ্যমে দেশের বা বিদেশের যেকোনো স্থান থেকে সাক্ষাৎকার গ্রহণ করতে পারবে।

তিনি আরো বলেন, প্রযুক্তির মাধ্যমে বৈষম্য দূর করে একটি অন্তর্ভুক্তিমূলক সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে জননেত্রী শেখ হাসিনা উন্নয়ন দর্শন ‘ভিশন ২০২১’ ঘোষণা করেছেন। বাংলাদেশে বর্তমানে প্রায় দেড় কোটি বিশেষভাবে সক্ষম মানুষ রয়েছে তারা আমাদের সমাজেরই একটি অংশ বর্তমান সরকার বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে তাদের ভাগ্য উন্নয়নের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

বিশেষ অতিথি হিসেবে আইসিটি বিভাগের সিনিয়র সচিব জনাব এন এম জিয়াউল আলম বলেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক ২০১৫ সাল থেকে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য চাকুরী আয়োজন করে আসছে, প্রতি বছরই নতুন রেকর্ড সৃষ্টি হচ্ছে যা দেখে আমি অভিভূত। আমাদের দেশে বর্তমানে যে দেড় কোটি বিশেষভাবে সক্ষম মানুষ রয়েছে তাদের সার্বিক উন্নয়নে আইসিটি বিভাগ সব সময় পাশে থাকবে।

বিশেষ অতিথি হিসেবে এনজিও বিষয়ক ব্যুরোর মহাপরিচালক জনাব কে এম আব্দুস সালাম বলেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ২০১৫ সাল থেকে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য চাকুরী আয়োজন করে আসছে এটা খুবই ভালো একটি উদ্যোগ যা আমি ২০২০ সালে তাদের সাথে সম্পৃক্ত হয়ে দেখলাম। আমি আশা করি আগামীতেও এনজিও বিষয়ক ব্যুরো এই আয়োজনের সহযোগী হিসেবে কাজ করবে এবং অন্য সকল এনজিওদের এই মহতি কর্মে অংশগ্রহণ করার জন্য এনজিও বিষয়ক ব্যুরো উদ্যোগ নিবে।

সভাপতির বক্তব্যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক জনাব পার্থপ্রতিম দেব বলেন, বিশেষভাবে সক্ষম মানুষ আমাদের সমাজের বোঝা নয় বরং তারা আমাদেরই একটি অংশ, তাদের বাদ দিয়ে সমাজের তথা রাষ্ট্রের উন্নয়ন সম্ভব নয়। প্রতিবন্ধী ব্যক্তিদের মূল জনগোষ্ঠীর সাথে সম্পৃক্ত করার জন্য আমরা তথ্য প্রযুক্তির মাধ্যমে নিউরো ডেভোলপমেন্টাল ডিজঅর্ডারসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন একটি প্রকল্প বাস্তবায়ন করছি। এই প্রকল্পের মাধ্যমে সারা দেশে প্রতিবন্ধীদের কম্পিউটারের উপর প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

**প্রতিবন্ধী ব্যক্তিদের -চাকুরী মেলা ২০২০ এর কিছু ছবিঃ**

ক্যাপশন-১ প্রতিবন্ধী ব্যক্তিদের-চাকুরী মেলা ২০২০ এর উদ্বোধন করেন তথ্য যোগাযোগ ও প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহ্মেদ পলক, এমপি।

ক্যাপশন-২ বাম দিক থেকে ১. জনাব পার্থপ্রতিম দেব, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ২. জনাব খন্দকার জহুরুল আলম, নির্বাহী পরিচালক, সিএসআইডি, ৩. জনাব জুনাইদ আহ্‌মেদ পলক, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি বিভাগ, ৪. জনাব এন এম জিয়াউল আলম, সিনিয়র সচিব, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি বিভাগ, ৫. জনাব কে এম আব্দুস সালাম, মহাপচিালক, এনজিও বিষয়ক ব্যুরো।

ক্যাপশন-৩ মাননীয় প্রতিমন্ত্রীর কাছ থেকে ক্রেস্ট গ্রহণ করছেন ফিফোটেক এর প্রতিনিধি।

ক্যাপশন-৪ জনাব মোহাম্মদ এনামুল কবির, পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন) বিসিসি কাছ থেকে নিয়োগ পত্র গ্রহণ করছেন একজন প্রতিবন্ধী ব্যক্তি।

ক্যাপশন-৫ একজন প্রতিবন্ধী ব্যক্তি তার সিভি জমা দিচ্ছেন।